গাংনী সাব-রেজিস্টারের শাস্তির দাবীতে দলীল লেখক সমিতির কলম বিরতী

গাংনী উপজেলা সাব-রেজিস্ট্রার মাহফুজ রানার বিরুদ্ধে অনিয়ম, দুর্নীতি,স্বেচ্ছাচারিতা ও ঘুষ বাণিজ্যের প্রতিবাদ এবং শাস্তির দাবীতে কলম বিরতি শুরু করেছে দলিল লেখক সমিতি। আজ বুধবার সকাল ৯টা থেকে গাংনী উপজেলা দলিল লেখক সমিতি কলম বিরতির ঘোষণা দেন তারা।

কলম বিরতিকালে দলিল লেথক সমিতির সভাপতি আব্দুল্লাহ আল মামুন পিন্টু বলেন, অতিরিক্ত টাকা ছাড়া সাবরেজিস্ট্রার কোনো দলিল রেজিস্ট্রি করেন না। খোড়া অজুহাতে তিনি সাধারণ মানুষকে দিনের পর দিন হয়রানী করেন। আমরা যারা দালিল লেখক রয়েছি তাদের মধ্যে অনেকেই বয়স ও পেশায় সিনিয়ির ব্যাক্তি রয়েছেন তাদের সাথে অনেক খারাপ আচরণ করেন।

এসয় বক্তব্য রাখেন, দলিল লেখক সমিতির সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক আবুল কালাম, জেলা কৃষকলীগের সাবেক সাধারণ সম্পাদক মজিবুর রহমান, সাবেক সভাপতি ফাকের আলী, সদস্য হাসানুজ্জামান ও শওকত আলী প্রমুখ। এবিষয়ে সাব রেজিস্ট্রার মাহফুজ রানার সাথে যোগাযোগ করা হলে তিনি ছুটিতে থাকায় তার মোবাইল ফোনে কল করা হলে তিনি রিসিভ না করায় মন্তব্য নেয়া সম্ভব হয়নি।

গাংনী উপজেলা আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

দীর্ঘ ১৮ বছর পরে গাংনী উপজেলা আওয়মী লীগের সম্মেলন হতে যাচ্ছে। সম্মেলন আয়োজনের লক্ষ্যে আজ বুধবার দুপুরে গাংনী উপজেলা

মিলনায়তনে এক বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। গাংনী উপজেলার প্রতিটি ইউনিয়ন ও পৌরসভা এবং উপজেলা আওয়ামী লীগের কাউন্সিলের মাধ্যমে কমিটি পুনর্গঠন করা হবে।

এর আগে ২০০৪ সালের সম্মেলনের মাধ্যমে সর্বশেষ গাংনী উপজেলা আওয়া লীগের কমিটি গঠন করা হয়েছিল।
বর্ধিত সভায় সভাপতির বক্তব্যে কাউন্সিলের বিষয়কবস্তু তুলে ধরেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক। বক্তব্য রাখেন আওয়ামী লীগ নেতা ও পৌর মেয়র আহম্মেদ আলী, সিরাজুল ইসলাম, মোকলেছুর রহমান মুকুল, নুরজাহান বেগমসহ উপজেলা ও ইউনিয়ন আওয়ামী লীগ নেতৃবৃন্দ।

৫ দিনের সফরে মেহেরপুর আসছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী

৫ দিনের সফরে মেহেরপুরে আসছেন জনপ্রসাশন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন। মঙ্গলবার এক সরকারি পরিপত্রে জানা যায় আগামি (২৪ ফেব্রুয়ারি) বৃহস্পতিবার সকালে বেইলি রোডস্থ সরকারি বাসভবন হতে মেহেরপুর উদ্দেশ্যে রওনা হয়ে আকাশ পথে যশোর বিমান বন্দরে পৌছাবেন। যশোর বিমানবন্দর হতে (ঝিনাইদহ হয়ে) সড়ক পথে মেহেরপুর নিজ বাসভবনের উদ্দেশ্যে রওনা হবেন।

সারা দেশে একযোগে এক কোটি ভ্যাকসিন কার্যক্রমের অংশ হিসেবে মেহেরপুরের বিভিন্ন টিকা কেন্দ্র পরিদর্শন, ভৈরব নদী পুন:খননের কার্যক্রমের উদ্বোধন, “শতবর্ষে শতঘন্টা মুজিবচর্চা” আয়োজনের সমাপনি ও সংকলন এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগদান, দলীয় নেতাকর্মীদের সাথে সাক্ষাত, দলীয় কার্যালয়ে জেলা আওয়ামী লীগের সভায় যোগদান করবেন। ২৮ ফেব্রুয়ারি তিনি মেহেরপুর ত্যাগ করবেন।

গাংনীর নওপাড়াতে মটারের সুইচ দিতে গিয়ে শিশু বিদ্যুৎস্পৃষ্ট

টিউবওয়েলের পাশে মটারের বিদ্যুতের সুইচ দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে রাব্বী হোসেন (৬) নামের এক শিশু মারাত্বক আহত হয়েছে। রাব্বী হোসেন গাংনী উপজেলার নওপাড়া গ্রামের মিরাজুল ইসলামের ছেলে।

মঙ্গলবার বিকালে বাড়ির মধ্যে টিউবওয়েলের পাশে মটারের সুইচ দিতে গিয়ে এ ঘটনা ঘটে।

রাব্বী হোসেনের দাদী সুফিয়া খাতুন জানান, খেলা করছিল রাব্বী হোসেন। হঠাৎ সে টিউবওয়েলের পাশে মটারের সুইচ দিতে যায়। বিদ্যুৎস্পৃষ্ট হলে আহত অবস্থায় তাকে উদ্ধার করে গাংনী হাসপাতালে নিয়ে আসি।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত (স্যাকমো) সোহাগ হোসেন জানান, বর্তমানে শিশুটি সুস্থ রয়েছে।

মেহেরপুরের গাংনী থেকে দুই মাদক কারবারী আটক ॥ ১২৫ বোতল ফেনসিডিল উদ্ধার

মেহেরপরের গাংনীর সীমান্ত গ্রাম কাজিপুর গ্রাম থেকে দুই মাদক কারবারীকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

আজ মঙ্গলবার বিকেল সাড়ে চারটার দিকে জেলা গোয়েন্দা পুলিশের একটি টীম তাদেরকে গ্রেপ্তার করে। এসময় তাদের কাছ থেকে ১২৫ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

আটককৃতরা দীর্ঘদিন প্রশাসনের চোখ ফাকি দিয়ে মাদক কারবার করছিল। এরা হচ্ছে- গাংনীর কাজিপুর বাদিয়াপাড়ার মৃত সুলতানের ছেলে জাকির হোসেন (৪০) ও একই গ্রামের কলেজপাড়ার শহিদুল ইসলামের ছেলে পলাশ (২৮)। তাদেরকে মামলাসহ গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।

গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, আটককৃতরা বিক্রির উদ্দেশ্যে নিজ বাড়িতে ফেনসিডিল মজুদ করেছে মর্মে সংবাদের ভিত্তিতে গোয়েন্দা পুলিশের একটি টীম সেখানে অভিযান চালায়। এসময় তাদের বাড়ি থেকে ফেনসিডিল পাওয়া গেলে আটক করে মামলাসহ গাংনী থানায় সোপর্দ করা হয়।

মেহেরপুরে ১ মাস পর খুললো শিক্ষাপ্রতিষ্ঠান, আনন্দিত শিক্ষার্থীরা

মহামারি করোনাভাইরাসের কারণে প্রায় ১ মাস আগে বন্ধ করে দেওয়া হয় দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান।

মঙ্গলবার থেকে খুলে দেওয়া হলো দেশের সকল স্কুল-কলেজ। সেই ধারাবাহিকতায় মেহেরপুরেও খুলে দেওয়া হয়েছে সকল শিক্ষা প্রতিষ্ঠান।

স্কুল-কলেজ খোলায় শিক্ষার্থীদের মাঝেও এক ধরনের আনন্দের সৃষ্টি হয়েছে। মেহেরপুরের সকল শিক্ষা প্রতিষ্ঠানই আজ শিক্ষার্থীদের পদচারণায় মুখরিত। শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষকদের মাঝেও ব্যাপক উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে।

মঙ্গলবার সকালে মেহেরপুরের বেশ কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠান ঘুরে দেখা যায়, দীর্ঘ এক মাস পর শিক্ষাপ্রতিষ্ঠানে ফিরে এসে শিক্ষার্থীদের মাঝে এক আনন্দ বিরাজ করছে।

শিক্ষার্থীরা স্কুল ড্রেস পরে কাঁধে বইয়ের ব্যাগ নিয়ে করোনার সকল বিধিনিষেধ মেনে মুখে মাস্ক পড়ে শ্রেণিকক্ষে প্রবেশ করে পাঠ

গ্রহণ করছে।

মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের একজন ছাত্র জানান, অনেকদিন পরে স্কুলে এসে আমাদের অনেক ভালো লাগছে, এই করোনার জন্য আমাদের অনেক ক্ষতির মুখে পড়তে হয়েছে তাও অনেক দিন পর স্কুলে এসে আমরা খুব আনন্দিত।

এ বিষয়ে আরেক জন শিক্ষার্থী বলেন, অনেকদিন পর আমাদের স্কুল খুলল। এখন যদি নিয়মিত ক্লাস করতে পারি আমাদের অনেক ভালো লাগবে।

এ বিষয়ে মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের ইংরেজি শিক্ষক এএসএম সাইফুল ইসলাম জানান, অনেকদিন পরে স্কুল খুললো এরজন্য আমরাও অনেক উৎফুল্ল আমাদের সাথে সাথে শিক্ষার্থীরাও উৎফুল্ল।

তারা দীর্ঘদিন ধরে শিক্ষা গ্রহণ থেকে বঞ্চিত ছিলো এখন যদি নিয়মিতভাবে স্কুলটা চালানো যায় তাহলে তাদের জন্য অনেক ভালো হতো।আর যদি প্রতিদিন ক্লাস গ্রহণের ব্যবস্থা করা চায় তাহলে তাদের শিক্ষারযেই ঘাটতি টা হয়েছে তা সম্পূর্ণভাবে পূরণ করা যাবে।

৫ বছর আগে খুন হওয়া ব্যক্তিকে জীবিত উদ্ধার করলো পিবিআই

মেহেরপুরে খুন ও গুমের ৫ বছর পর রকিবুজ্জামান রিপন (৩০) নামের এক ব্যক্তিকে জীবিত উদ্ধার করেছে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)। পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) কুষ্টিয়ার একটি দল গত রবিবার গাজীপুর থেকে তাকে উদ্ধার করে।

উদ্ধার হওয়া রিপন মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামের দত্তপাড়ার মনিরুল ইসলামের ছেলে। ২০১৭ সালে গাংনী উপজেলার ভরাট গ্রামে শশুরবাড়ি থেকে নিরুদ্দেশ হন রিপন। রিপনকে আজ মঙ্গলবার মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট তারিক হাসানের আদালতে হাজির করা হলে আদালত তাকে বাবা মায়ের জিম্মায় দেন।

পিবিআই কুষ্টিয়ার পরিদর্শক মনিরুজ্জামান জানান, গাংনীর ভরাট

গ্রামের আকবর হোসেনের মেয়ে শ্যামলী খাতুনকে বিয়ে করে ঘরজামাই হিসেবে বসবাস করছিলেন রকিবুজ্জামান রিপন। তাদের ঘরে একটি ছেলে সন্তানের জন্ম হয়। স্বামী-স্ত্রীর মধ্যে কলহ শুরু হওয়ায় ২০১৭ সালের ৮ জুলাই নিরুদ্দেশ হন রকিবুজ্জামান রিপন। রিপনের কোনো খোঁজ খবর না পাওয়ায় তার বাবা মনিরুল ইসলাম রিপনের স্ত্রী, শ্বশুর, শাশুড়ি এবং চাচা শ্বশুরের নামে মেহেরপুর আদালতে মামলা করেন। আদালতের নির্দেশে পুলিশ দীর্ঘদিন তদন্ত করে রিপনের কোনো হদিস পাননি। আদালত পুলিশের তদন্ত প্রতিবেদন গ্রহণ না করে পিবিআইকে পুনতদন্তের নির্দেশ দেন।

মনিরুজ্জামান আরও জানান, রিপন মো. শরিফুল ইসলাম ছদ্মনাম ধারণ করে গাজীপুর শ্রীপুরে অবস্থান করেন। সেখানে ডার্ড কম্পোজিট টেক্সটাইল লিমিটেডে টেকনিশিয়ান পদে চাকরি নেন। গত বছরের মার্চে গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলার মনমথ কুঠিপাড়ার সিরাজুল ইসলামের মেয়ে শিমলা আক্তারকে (২০) বিয়ে করেন। আদালতের নির্দেশনা পেয়ে পিবিআই কুষ্টিয়ার পুলিশ তদন্ত শুরু করেন এবং সোর্স নিয়োগ করে খুঁজতে থাকেন রিপনকে। কয়েকদফা জিজ্ঞাসাবাদ করা হয় রিপনের পরিবার ও শশুর বাড়ির লোকজনকে। পরে রোববার ডার্ড কম্পোজিট টেক্সটাইল মিলের সামনে থেকে তাকে আটক করে। সেখান থেকে মেহেরপুরে নিয়ে প্রাথমিক জবানবন্দি শেষে মঙ্গলবার তাকে আদালতে নেওয়া হয়।

গাংনীর ৩৫ জন অসুস্থ ব্যাক্তি পেল ত্রাণ তহবিলের অর্থ

মেহেরপুরের গাংনীতে অসুস্থ রোগীদের চিকিৎসা সহায়তার জন্য প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে প্রাপ্ত অনুদানের চেক বিতরণ করা হয়েছে। মঙ্গলবার সকালে মেহেরপুর- ২ আসনের সাংসদ সাহিদুজ্জামান তার বাসভবনে এ চেক বিতরণ করেন। ৩৫ জন রোগিকে ১৭ লাখ ৩০ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়।

গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথী ছিলেন, উপজেলা স্বেচ্ছা

সেবকলীগের আহবায়ক আবুল বাশার ও ইটভাটা মালিক সমিতির সাধারণ সম্পাদক মনিরুজ্জামান আতু।
চিকিৎসা সহায়তা পেয়ে অনেকেই আবেগ আপ্লুত হয়ে পড়েন এবং সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

শহীদ দিবস উপলক্ষে উপজেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে মনোঙ্গ সাংস্কৃতিক অনুষ্ঠান

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গাংনী উপজেলা প্রশাসনের ও উপজেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে মনোঙ্গ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার রাতে গাংনী উপজেলা অডিটরিয়ামে এ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। গাংনী উপজেলা শিল্পকলা একাডেমী শিল্পীবৃন্দ, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়, সন্ধানী স্কুল এন্ড কলেজ, সুর্যোদয় স্কুল এন্ড কলেজ, গাংনী প্রিক্যাডেট হাইস্কুল ও বিভিন্ন সাংস্কৃতিক শিল্পী গোষ্ঠির শিল্পীবৃন্দ মনোঙ্গ সাংস্কৃতিক অনুষ্ঠানে সঙ্গীত নৃত্য ও আবৃত্তি পরিবেশন করেন।

অনুষ্ঠানে নৃগোষ্ঠীর শিল্পীরা তাদের মনোমুদ্ধকর নাচে দর্শকদের মুগ্ধ করে তোলেন। সাংস্কৃতিক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

বিশেষ অতিথি ছিলেন গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক, বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক ও রাজনীতিক সিরাজুল ইসলাম।

অনুষ্ঠানে গাংনী শিল্পকলা একাডেমীর প্রশিক্ষক ওস্তাদ রতন সরকার ও ওস্তাদ সেলিম রেজা বাদ্যে যন্ত্রে সহযোগীতা করেন।
অনুষ্ঠানে অন্যদের মধ্যে বিশিষ্ট সাংস্কৃাতিক ব্যাক্তিত্ব ও

কমিউনিটি কৃষি অফিসার আমজাদ হোসেন, সাংস্কৃতিক কর্মী আজিজুল হক রানু, গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা, সাংবাদিক জুলফিকার আলী কানন উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সাংস্কৃতিক সন্ধ্যা

মেহেরপুরে মহান বিজয় দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।

সোমবার সন্ধ্যায় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলায়াতে এই সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন হয়।

মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে জেলা শিল্পকলা একাডেমীর বাস্তবায়নে সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

এছাড়াও উপস্থিত ছিলেন, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলাম, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান, পিপি পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক প্রমুখ।

এসময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর শিল্পীরা একে একে গান ও নৃত্য পরিবেশন করে সকল শ্রেণী-পেশার মানুষকে মুগ্ধ করে তোলে।